



## সিরিয়াকে সন্ত্রাসের তালিকা থেকে বাদ দিল কানাডা



সংগৃহীত ছবি

সিরিয়ার প্রতি নীতি পরিবর্তন করে কানাডা দেশটিকে সন্ত্রাসবাদী দেশের তালিকা থেকে বাদ দিয়েছে। শুক্রবার (৫ ডিসেম্বর) কানাডার পররাষ্ট্র মন্ত্রণালয় আনুষ্ঠানিকভাবে এই সিদ্ধান্তের ঘোষণা দেয়।

গ্লোবাল অ্যাফেয়ার্স কানাডার বিবৃতিতে জানানো হয়, সিরিয়ার অন্তর্বর্তী সরকার আন্তর্জাতিক অংশীদারদের সহযোগিতায় দেশটির স্থিতিশীলতা ও পুনর্গঠনে কাজ করছে। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সাম্প্রতিক নীতিগত পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখেই কানাডা এই পদক্ষেপ নিয়েছে। কানাডার মতে, নতুন প্রশাসন সন্ত্রাসবাদ দমন ও আঞ্চলিক নিরাপত্তা জোরদারে বাস্তবসম্মত উদ্যোগ গ্রহণ করেছে।

বিবৃতিতে আরও বলা হয়, সিরিয়ার ভেতরে মানবিক সহায়তা নিশ্চিত ও নাগরিক নিরাপত্তা বৃদ্ধির জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে সমন্বয় করে কাজ করছে অন্তর্বর্তী সরকার। ২০১২ সালে বাশার আল-আসাদের সময় সিরিয়াকে সন্ত্রাসবাদ সমর্থনকারী দেশের তালিকায় যুক্ত করা হয়েছিল।

এদিকে, বৃহস্পতিবার সিরিয়া সফরে দেশটির রাজনৈতিক ও মানবিক পরিস্থিতি মূল্যায়ন করেছে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ১৫ সদস্যের প্রতিনিধি দল। পরিস্থিতি স্বাভাবিক করার পথে দৃশ্যমান অগ্রগতির কথাও তারা উল্লেখ করেন।